গাংনীতে হঠাৎ বেড়েছে শিশুদের ঠান্ডা জনিত রোগ

মেহেরপুরের গাংনী উপজেলায় হঠাৎ বেড়েছে শিশুদের ঠান্ডা জনিত রোগ। নিউমোনিয়া,বমি ও ডায়রিয়াই আত্রান্তের সংখ্যা বেশি। বেডে জায়গা না পেয়ে অনেকেই স্থান নিয়েছেন মেঝেতে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একদিনে ভর্তি হয়েছেন ২৫জন শিশু।

জানাগেছে, একসপ্তাহ যাবৎ ঘন কুয়াশা আর তীব্র শীতের কারনে শিশু ও বয়স্করা ঠান্ডা জনিত রোগে আক্রান্ত হয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছেন। তবে এদের মধ্যে শিশুদের সংখ্যা বেশি। শুক্রবার সকাল থেকে সন্ধা পর্যন্ত ২৫জন শিশু ভর্তি হয়েছেন। এদের মধ্যে ১৯জন শিশু ডায়রিয়া ও বমি নিয়ে ভর্তি হয়েছেন। ৬জন ভর্তি হয়েছেন নিউমোনিয়া আক্রান্ত হয়ে। একই দিনে ১০জন বৃদ্ধ শ্বাসকষ্ট নিয়ে ভর্তি হয়েছেন। তবে ভর্তিকৃত রোগীরা সরকারি ভাবে ওষুধ সরবরাহ পাচ্ছেননা বলে অভিযোগ করেছেন। তারা বিভিন্ন ফার্মেসী থেকে ওষুধ কিনে চিকিৎসা নিচ্ছেন।

গাংনীর বানিয়া পুকুর থেকে তাসফিয়া খাতুন ভর্তি হয়েছেন দুই বছরের শিশু ঝর্ণাকে নিয়ে। প্রথমে সর্দি জ¦র হয়। স্থানীয় ভাবে চিকিৎসা দিয়ে কাজ হয়নি। শুক্রবার সকালে গাংনী হাসপাতালে ভর্তি হন। বেতবাড়িয়ার কুলছুম খাতুন তার শিশু নোমানকে নিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হয়েছিলেন। সেখানকার ব্যবস্থাপত্র নিয়ে গাংনী হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। ছয়দিন আগে তার শিশুপ্রত্র নিউমোনিয়ায় আক্রান্ত হন।
ভাটপাড়া গ্রামের তামান্না খাতুন তার শিশু পুত্র আবু জায়েদকে নিয়ে ভর্তি হন। বমি আর পাতলা পায়খানা নিয়ে হাসপাতালে আসেন তিনদিন আগে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে মাত্র একদিন জোর জবদস্তি আর তদবির করে সিপ্রোসিন ইন্জেকশন দেয়া হয়েছে। পরে আর দেয়া হয়নি। এখন সব ওষুধ কিনতে হচ্ছে তাদের। কর্তব্যরত নার্সরা জানিয়েছেন স্টোর কিপার যে ওষুধ দিয়েছিল তা শেষ হয়ে গেছে। যে কারনে তাদের ফার্মেসী থেকে কিনতে হচ্ছে। শুক্রবার ছুটির দিন তাই আগামীকাল ওষুধ সরবরাহ নেয়া হবে।

রোগীদের স্বজনদের সাথে কথা বলে জানাগেছে, শুক্রবার সকাল থেকে

আমাদের শিশুদের হাসপাতালে ভর্তি করেছি। একাধিক শিশুর মা জানান, ডায়রিয়া আক্রান্ত হয়ে আমরা ভর্তি হয়েছি। বেডে জায়গা হয়নি তাই মেঝতেই জায়গা নিতে হয়েছে। এমনভাবে অনেকেই মেঝেতে চিকিৎসা নিচ্ছেন।

স্থাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিাসর(আর এমও) আব্দুল্লাহ আল মারুফ জানান, গত এক সপ্তাহ যাবৎ তীব্র শীতের কারনে শিশুরা ঠান্ডা জনিত রোগে আক্রান্ত হয়ে স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছেন। একদিনেই ২৫জন শিশু শ্বাসকষ্ট ও ডায়রিয়া আক্রান্ত হয়ে ভর্তি হয়েছে। তাদেরকে চিকিৎসা দেয়া হচ্ছে। মায়েদের সচেতন হতে হবে তাহলে শিশুরা অনেকটা সুরক্ষিত থাকবে।

কোটচাঁদপুরে এক রাতে দুই দোকানে চুরি

এক রাতে কোটচাঁদপুর উপজেলা পরিষদের সামনের দুই দোকানে চুরির ঘটনা ঘটেছে। বৃহস্পতিবার দিবাগত রাতের এ ঘটনা। চোরেরা নগদ ২৪ হাজার টাকা,কাপড়চোপড় সহ অন্যান্য মালামাল নিয়েছেন বলে দাবি ভুক্তভোগীদের।

ভুক্তভোগি রবিউল স্টোরের মালিক আল-আমীন বলেন,বৃহস্পতিবার রাতে দোকান ও সমিতির হিসাব করি।এরপর দোকান বন্ধ করে বাড়ি চলে যায়। আজ শুক্রবার সকালে দোকান খুলে দেখি ভিতরে মালামাল উলট- পালট করা। টাকা রাখার ড্রয়ারও খোলা। উপর দিকে তাকিয়ে দেখি ভেন্টিলেটর ভাঙ্গা।

এরপর দোকানের টাকা পয়সা ঠিক আছে কিনা মিলাতে যায়। ওই সময় ধরা পড়ে সমিতির আদায়ের ২১ হাজার টাকা, মালামাল বিক্রির ৩ হাজার মোট ২৪ হাজার টাকা চুরি হয়েছে। আর মালামাল সব ঠিক আছে।

পাশের প্রভাতী বস্ত্রালয়ের মালিক আসাদুল ইসলাম বলেন, প্রতিদিনের মত রাতে দোকান বন্ধ করে বাড়ি চলে যায়। শুক্রবার সকালে পাশের দোকান মালিক মোবাইল ফোনে জানায় দোকানে চুরি হয়েছে।

এ খবরে দ্রুত দোকানে ছুটে আসি। খুলে দেখি কাপড়-চোপড় সব উল্টোপাল্টা করা রয়েছে। টাকা রাখার ড্রয়ারও খোলা।

তবে ড্রয়ারে কোন টাকা না থাকায় তা নিতে পারেনি চোরেরা। খবর পেয়ে কোটচাঁদপুর থানার পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

তবে ওই ঘটনায় এখনও পর্যন্ত কেউ কোন অভিযোগ বা জিডি করেনি বলে নিশ্চিত করেছেন,কোটচাঁদপুর মডেল থানার ডিউটিরত উপপরিদর্শক (এস,আই) প্রসেনজিৎ।

তীব্র শীতেও থেমে নেই কৃষকের সংগ্রাম

তীব্র শীতেও থেমে নেই কৃষকের সংগ্রাম চালিয়ে যাচ্ছেন আগের মতই কর্মক্ষেত্র। সূর্যের আলো আর একটু বেলা গড়ালে রোদের পরশ না পেলেও কুয়াশা ঢাকা সকালেই বেরিয়ে পড়ছে নিজ ক্ষেতে খামারের কাজের উদ্দেশ্য। কেউ বা চাদর, কেউ বা মোটা ভারি শীত নিয়ন্ত্রণ করার পোশাক পরেই ছুটে ছলছে গন্তব্য স্থানে।তবে জুটছে না অনেক কৃষকের গায়ে মোটা কাপড়ের শীত নিয়ন্ত্রণ করার পোশাক।

এমন একজন কৃষক আলমগীর হোসেন জানান, আজ চারদিন ধরে কখন সকাল কখন যে দুপুর বোঝার উপায় নেই। এই সকালে যখন সবাই ল্যাপ কাথা মুড়ে দিয়ে শান্তির ঘুমে মগ্ন তখন আমরা কৃষক ফসলের ফলনশীলতার কথা ভেবে ছুটে আসি নিজ নিজ ক্ষেতে ক্ষামারের কাজে। আমার তো এত শীত নিয়ন্ত্রণ করার মত মোটা পোশাক ও নেই তবে সমস্যা হয় না এসে কাজ শুরু করলে গরম লেগে যায়।আমরা গরীব কৃষক ভাই আমাদের কস্টের মূল্য ডা কোথায় এসব কোন ব্যাপার না।

এ দিকে কামরুল ইসলামের সাথে কথা বলে জানতে পারি এত শীত যা শরীর শক্ত হয়ে যায় তবুও কাজ করতে বের হতে হচ্ছে। কারন বাড়ির খরচ নির্ভর করে এই আবাদের উপর যদি এই আবাদ ভালো ভাবে না করতে পারি ক্ষেতে কে দিবে।

ঠান্ডা ভাত খেয়েও অনেকের শুরু হচ্ছে কাজের সূচনা। তবে কৃষি প্রধান দেশ বাংলাদেশ এ দেশের আর্থিক অবস্থা এক তৃতীয়াংশ নির্ভর করে কৃষির উপর যার সম্পূর্ন টাই টিকিয়ে রেখেছে গ্রাম বাংলার এই সকল সংগ্রামী কৃষকেরা।তাদেরও ইচ্ছে করে এই কঠিন শীতে সকাল টা লেপ বা কম্বলের ভীতর শান্তি তে কাটিয়ে দিতে তা না করে ছুটে চলে কর্মে।তাদের এমন আত্মা ত্যাগেও কতন মনে রাখে? এমন প্রশ্নই করেছে অনেক কৃষক।

তবে জানিয়েছেন অনেক কৃষক এমন শীত ও অতিরিক্ত কুয়াশার কারনে ধানের চারা কটাশে হওয়ার সম্ভাবনা বেশি এমন ভাবে চলতে থাকলে চারা পুড়ে যাওয়ার সম্ভাবনাও থাকবে। তবে এটা থেকে মুক্তি পেতে অনেকেই সকল ভোরে এসে লাঠি দিয়ে চারার গায়ে থেকে কুয়াশা ফেলায় ব্যাস্ত।

এ বিষয়ে আবহাওয়া অফিসের কাছে থেকে জানা গেছে এমনটা চলবে মিনিমাম ৭ দিন তবে আস্তে আস্তে স্বাভাবিকের দিকেই ফিরবে বলে জানিয়েছেন।

এ বিষয় কৃষক আলমগীর হোসেন আরো জানান, অসহায় গরীব অনেক কৃষক আছেন যারা একটা শীতের মোটা ভারি পোষাক কিনতেও পারছে না। তাদের দেওয়ার মত কেউ নেই।আমি চাই আমাদের গরীব দুঃখী কৃষকের পাশে কেউ থাকুক।একটু মূল্যায়ন করা হোক।

ব্যাংক এশিয়া বামন্দী শাখায় শীত বস্ত্র বিতরন

বেসরকারী প্রতিষ্ঠান ব্যাংক এশিয়ার বামন্দী শাখায় দরিদ্র ও অসহায় দুস্থদের মাঝে শীত বস্ত্র বিতরন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকেলে ব্যাংকটির কার্যালয়ে এলাকার ১২০ জনের মাঝে কম্বল প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, ব্যাংক এশিয়ার শাখা ব্যবস্থাপক জিয়াউর রহমান, সেকেন্ড অফিসরা আসাদুজ্জামান, ব্যাংক অফিসার, উত্তম কুমার শর্মা, সোহগ হোসেন, নাসিরুল ইসলাম, শহিদুল ইসলাম, শায়েখ

আহম্মেদ, বামন্দী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আঃ আওয়াল বিশ্বাস, বিশিষ্ট চিকিৎসক ও মুক্তিযোদ্ধা নুরুল হুদা, পশু চিকিৎসক ও সামজ সেবক ডাক্তার ইউসুফ আলী, বামন্দী পুলিশ ক্যাম্প ইনচার্জ এস আই ইসরাফিল হোসেন, বামন্দী বাজারের ব্যবসায়ী রবিউল ইসলাম, মফিজুল ইসলাম সহ অন্যান্যরা।

বিএনপির ছেড়ে দেওয়া ছয় সংসদীয় আসনে প্রার্থী ৫৩ জন

বিএনপির ছেড়ে দেওয়া ছয়টি সংসদীয় আসনে ৫৩ জন প্রার্থী হয়েছেন। এর মধ্যে ঠাকুরগাঁও-৩ আসনে ছয়জন, বগুড়া-৪ আসনে ৯ জন, বগুড়া-৬ আসনে ১৩ জন, চাঁপাইনবাবগঞ্জ-২ আসনের ৬ জন, চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনে ৬ জন ও ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে ১৩ জন মনোনয়নপত্র দাখিল করেছেন। বিএনপির সাবেক সংসদ সদস্য আবদুস সাত্তার ভূঞা ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে স্বতন্ত্র প্রার্থী হয়েছেন।

বৃহস্পতিবার এসব আসনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ছিল। রাতে নির্বাচন কমিশন প্রার্থিতার এসব তথ্য জানিয়েছে।

ইসির তথ্য অনুযায়ী, বগুড়া-৬, চাঁপাইনবাবগঞ্জ-২ ও চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনে আওয়ামী লীগের প্রার্থী রয়েছেন। বাকি দুই আসনে সরকারি দলের কোনো প্রার্থী নেই। ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে বিএনপির সাবেক সংসদ সদস্য আবদুস সাত্তার ভূঞা প্রার্থী হলেও সেখানে আওয়ামী লীগের প্রার্থী নেই। তবে জাতীয় পার্টির মো. আব্দুল হামিদ এ আসনে প্রার্থী হয়েছেন।

আগামী ১ ফেব্রুয়ারি এসব আসনে ভোটগ্রহণ হবে। প্রার্থীদের মনোনয়নপত্র বাছাই হবে ৮ জানুয়ারি। প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ১৫ জানুয়ারি।

পীরগঞ্জ (ঠাকুরগাঁও): ঠাকুরগাঁও-৩ (পীরগঞ্জ-রানীশংকৈল) আসনের উপ-নির্বাচনে ৬ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। জেলা নির্বাচন কর্মকর্তা সফিকুল ইসলাম জানান, পীরগঞ্জ উপজেলা নির্বাচন

বুধবার আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জিয়াউর রহমান মনোনয়ন জমা দেন। গোমস্তাপুরে স্বতন্ত্র প্রার্থী হিসাবে আওয়ামী লীগ নেতা রাজশাহী জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মোহাম্মদ আলী সরকার ও গোমস্তাপুর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান খুরশিদ আলম বাচ্চু, জাতীয় পার্টির আ. রাজ্জাক, বিএনএফের নবীউল ইসলাম ও জাকের পার্টির গোলাম মোস্তফা মনোনয়নপত্র জমা দেন।

সূত্র: যুগান্তর

গাংনীর গাড়াবাড়ীয়াতে গ্যামা কাটা নিয়ে সংঘর্ষে ৩ জন আহত

মেহেরপেুরর গাংনী উপেজলার গাড়াবাড়িয়া গ্রামে গ্যামা কাটাকে কেন্দ্র করে সংঘর্ষে উভয় পক্ষের তিন জন আহত হয়েছে।

বৃহস্পতিবার দুপুরের দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় আহত হয়েছেন, গ্যামা জমির মালিক লাল্টু মিয়া, তার কর্মচারী শাহ আলম এবং অভিযুক্ত আইনের স্ত্রী নিলুফা।

আহত লালটু মিয়া জানান, আমি মাঠে চাষ গ্যামা চাষ করি। আইন মাঝে মধ্যে আমার জমিতে গিয়ে চুরি করে গ্যামা কেটে নিয়ে যায়। আমার কর্মচারী তাকে নিষেধ করলে আইন তার উপর হামলা চালায়। সে গিয়ে আমাকে জানালে আইন আমার উপরও হামলা চালায়। এসময় উভয় পক্ষের ধস্তাধস্তিতে আইনের স্ত্রী নিলুফাও জখম হয়।
স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

করোনা বিএফ-৭, দর্শনা চেক পোস্টে সতর্কতা জারি!

করোনার নতুন উপধরন বিএফ-৭ ঠেকাতে দামুড়হুদা উপজেলার দর্শনা আর্ন্তজাতিক চেকপোস্টে সতর্কতা জারি করা হয়েছে। সম্প্রতি স্বাস্থ্য বিভাগ থেকে এ সংক্রান্ত নির্দেশনা পাওয়ার পর চেকপোস্টে সতর্ক অবস্থায় রয়েছে হেলথ স্ক্রিনিং বুথ।

দামুড়হুদা উপজেলার দর্শনা চেকপোস্ট সূত্রে জানা যায়, ভারত ফেরত নাগরিকদের র্যাপিড অ্যান্টিজেন টেস্টসহ বিভিন্ন ধরনের পরীক্ষা করা হচ্ছে। যাদের বুস্টারডোজ নেওয়া আছে শুধু তাদেরকেই বাংলাদেশে ঢুকতে দেওয়া হচ্ছে।

চেকপোস্ট সূত্রে আরও জানা যায়, দর্শনা চেকপোস্ট দিয়ে প্রতিদিন প্রায় ২০০ থেকে ৩০০ ভারতীয় পাসপোর্টধারী যাত্রী যাতায়াত করে থাকে। এছাড়া ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস সপ্তাহে ৬ দিন এবং প্রতিদিনই কোনো না কোনো মালবাহী ট্রেন ভারত থেকে দর্শনা বন্দরে আসে। স্থলপথে যেসব ভারতীয় পাসপোর্টধারী যাত্রী যাতায়াত করেন শুধু তাদেরই সতর্কতার সাথে র্যাপিড অ্যান্টিজেন টেস্ট করা হচ্ছে।

দর্শনা সীমান্ত চেকপোস্টে কর্মরত স্বাস্থ্য সহকারী শামীম খানঁ জানান, সম্প্রতি স্বাস্থ্য বিভাগ থেকে করোনার নতুন ধরন বিএফ-৭ সনাক্তে সতর্কতার সাথে কাজ করতে বলা হয়েছে। সে মোতাবেক কাজ করা হচ্ছে। তবে লোকবল সংকটের কারণে কার্যক্রম কিছুটা সমস্যা হচ্ছে।

দর্শনা আর্ন্তজাতিক রেলস্টেশনের পরিদর্শক মীর্জা কামরুল হাসান জানান, আন্তর্জাতিক দর্শনা স্টেশনে ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস সপ্তাহে ৬ দিন যাতায়াত করে। দর্শনা স্টেশনে মাত্র ১৫ মিনিটের বিরতি থাকে। শুধুমাত্র খাবার পরিবেশন ও ত্রুু বদলানোর কাজ শেষে স্টেশন ত্যাগ করে মৈত্রী এক্সপ্রেস। এছাড়া ভারতীয় মালবাহী ট্রেনে যারা চালক ও সহকারী হিসেবে আসেন তারা আধঘণ্টার মধ্যেই দর্শনা ছেড়ে চলে যান।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা, হেলেনা আক্তার নিপা জানান, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে সতর্কতার সাথে সীমান্তে স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম অব্যাহত

আছে। তিনি আরও জানান, দর্শনা চেকপোস্টে স্বাস্থ্য বিভাগ থেকে বর্তমানে ৩ জন পালাক্রমে দায়িত্ব পালন করছেন।

দামুড়হুদায় জমি নিয়ে বিরোধে মারামারিতে পিতা-পুত্র আহত

দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের কালিয়াবকরী গ্রামে জায়গা জমির বিরোধ নিয়ে একই গ্রামের ব্যক্তিদের হাতে ওজন মাপা কেজি বাটখারার আঘাতে পিতা পুত্র আহত। আহতরা হলেন কালিয়াবখরী গ্রামের আঃ রশিদ এর ছেলে সাগর (২৩) ও মৃত তমেজ উদ্দিনের ছেলে আঃ রশিদ (৫৩)।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার দিকে কালিয়াবকরী বাজারে এই ঘটনা ঘটে। এবিষয়ে দামুড়হুদা মডেল থানায় মাজেদা বেগম বাদি হয়ে একটি অভিযোগ দায়ের করেন।

অভিযোগ সূত্রে জানা গেছে, দামুড়হুদা উপজেলার নতিপোতা ইউনিয়নের কালিয়াবকরী বাজার সংলগ্নে আসামিগণ পূর্ব পরিকল্পিতভাবে বাজারে অত পেতে ছিল। এ সময় আহত সাগর বাজার করতে আসলে পূর্ব থেকে ওত পেতে থাকা একই গ্রামের কালু মন্ডলের ছেলে বিল্লাল হোসেন (৫৩), মৃত জিনারুল ইসলামের ছেলে বাঁধন (২১), আলী হোসেনের ছেলে শাহাজান (৩৪), ও মৃত ধোনা মালিতার ছেলে ফিজু (৫০) সবাই মিলে সাগরকে অতর্কিত ভাবে মার পিট শুরু করে।

একই বাজারে তখন সাগরের পিতা আব্দুর রশিদ উপস্থিত ছিল। মারপিট দেখে ছেলেকে বাঁচাতে সে ছুটে আসলে তাকেও বেদম ভাবে মারপিট করে। এক পর্যায়ে ওজন মাপার কেজি বাটখারা দিয়ে পিতা এবং পুত্রের মাথায় আঘাত করে, এ সময় তারা মাটিতে লুটিয়ে পড়লে। আশঙ্কাজনক অবস্থায় স্থানীয় লোকজন তাদেরকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এ বিষয়ে সাগরের মা এবং আব্দুর রশিদের স্ত্রী মাজেদা বেগম বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি অভিযোগ দায়ের করেন।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করা হবে।

গড়াইটুপিতে স্কুলগামী শিক্ষার্থীদের ভিডিও করে টিকটক জরিমানা

স্কুলগামী শিক্ষার্থীদের ভিডিও করে টিকটক তৈরী করে ভাইরাল। টিকটকার গড়াইটুপির সতিনাথ কর্মকারকে ভ্রাম্যামান আদালতে জরিমানা করা হয়েছে। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের বিমল কর্মকারের ছেলে।

জানাযায়, চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নের কয়েকজন স্কুলগামী ছাত্রী শিক্ষার্থীর ভিডিও করে টিকটক তৈরীর পর তা ছড়ানো হয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে। এ টিকটক মূহুর্তের মধ্যে ভাইরাল হয়ে পড়ে ফেসবুকে। তা প্রশাসনের নজরে পড়লে টিকটকারকে সনাক্ত করে আটক করে তিতুদহ ক্যাম্প পুলিশ। পরে তাকে ভ্রাম্যমান আদালতে হাজির করা হলে আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট সতিনাথ কর্মকার (৩০) নামের এক টিকটকারকে ৫ হাজার টাকা জরিমানা করেন। এসময় অভিযুক্ত ভ্রাম্যমান আদালতকে জরিমানার টাকা পরিশোধ করে কারাদন্ড থেকে রেহায় পায়।

তিতুদহ ক্যাম্পের এএসআই ইদ্রিস আলী বলেন, বেশ কিছুদিন পূর্বে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন গড়াইটুপি ইউনিয়নের গড়াইটুপিতে কয়েকজন স্কুলগামী স্কুল ছাত্রীর ভিডিও করে টিকটক তৈরীর পর তা সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছাড়া হয়। এ ভিডিও মুহুর্তের মধ্যে ভইরাল হওয়ায় আমাদের নজরে পড়ে।

এরপর টিকটকারকে সনাক্ত করে তাকে বৃহস্পতিবার দুপুর ২টার দিকে গড়াইটুপি থেকে আটক করা হয়।

আটকের পর তাকে হাজির করা হয় ভ্রাম্যমান আদালতে। এসময় ভ্রাম্যমান

আদালতের বিচারক নির্বাহী ম্যাজিষ্ট্রেট চুয়াডাঙ্গা সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি).মাজহারুল ইসলাম অভিযুক্তকে স্কুল শিক্ষার্থীদের ভিডিও করে টিকটক বানিয়ে ফেইসবুকে ভইরাল করার অপরাধে সতিনাথ কর্মকার (৩০) নামের ওই ব্যাক্তিকে ৫ হাজার টাকা জরিমানা করেন। ফলে অভিযুক্ত সতিনাথ কর্মকার ভ্রাম্যমান আদালতের দেওয়া প্রদানকৃত রায়ের জরিমানার টাকা পরিশোধ করে মুক্ত হয়। অভিযুক্ত টিকটকার চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ইউনিয়নের বিমল কর্মকারের ছেলে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির বলেন যারা এ ধরনের কর্মকান্ডের সাথে জড়িত থাকবে তাদের কাউকে ছাড় দেওয়া হবে না।

মুজিবনগরে মহাজনপুর ইউনিয়ন পরিষদের উদ্যোগে শীতার্থদের মাঝে কম্বল বিতরণ

প্রচন্ড শীতে অসহায় দরিদ্র ও বয়স্ক মানুষকে একটু উষ্ণতা দেওয়ার অভিপ্রায়ে, মুজিবনগরের মহাজনপুরে প্রধানমন্ত্রী ত্রাণ তহবিল থেকে শীতার্থ মানুষের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরণ করেছে মহাজনপুর ইউনিয়ন পরিষদ।

বৃহস্পতিবার দুপুরে মহাজনপুর ইউনিয়ন পরিষদ চত্বরে এই কম্বল বিতরণের আয়োজন করা হয়।

মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের (সাবেক) সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু উপস্হিত থেকে এ সব কম্বল বিতরণ করেন।

এ সময় মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের ৪ নং ওয়ার্ড সদস্য আরিফ হোসেন,৩ নং ওয়ার্ড সদস্য বিপ্লব হোসেন বাবু সহ মহাজনপুর ইউনিয়ন পরিষদের

ওয়ার্ড সদস্য ও সংরক্ষিত মহিলা সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ইউনিয়নের সকল অসহায় শীতার্থদের মাঝে শীত বস্ত্র বিতরণ অব্যাহত থাকবে বলে জানান পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু।